দৈনিক ইত্তেফাক

তারিখ APR 08 2000
পৃষ্ঠা ১৬ কলাম ২

17

ছাত্র সংগঠনগুলির মিছিল-সমাবেশ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ঃ গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিজনেস ষ্টাডিজ অনুষদের আওতাধীন 'গ' ইউনিটের '৯৯-২০০০ সেশনের বিবিএ সম্মান ভর্তি পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। ৯ হাজার ১৩৩ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। এই অনুষদের ৪টি বিভাগে ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, মার্কেটিং এবং ফিন্যান্স এন্ড ব্যাংকিং-এর আসন সংখ্যা ৭২০। আসন প্রতি প্রায় ১৩ জন করিয়া পরীক্ষার্থী রহিয়াছে। পরীক্ষার সময় ভাইস চ্যান্সেলর অধ্যাপক একে আজাদ চৌধুরী, প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক মোঃ শাহাদাত আলী, সকল অনুষদের ডীনবৃন্দ, বিশ্ববিদ্যালয় প্রক্টর এবং কর্মকর্তাগণ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

নূতন ছাত্র-ছাত্রীদের স্বাগত জানাইয়া বিভিন্ন ছাত্র সংগঠন গতকাল কলাভবনে মুহুর্মুহ করতালির মধ্যে শুভেচ্ছা সমাবেশ করে। ছাত্রলীগ, ছাত্রদল, গণতান্ত্রিক ছাত্র ঐক্য, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন সমাবেশ করে।

ছাত্রলীগ